



আজি... পৃষ্ঠা... কলাম...



রাজধানীর কুড়িলে তুলছাত্রী ময়ূরীকে অপহরণের প্রতিবাদে ছাত্রছাত্রীরা গতকাল সড়ক অবরোধ ও বিকোভ করে

-যুগান্তর

ছাত্রছাত্রীদের মহাসড়ক অবরোধের তিন ঘণ্টার মধ্যেই অপহৃত সহপাঠী উদ্ধার

যুগান্তর রিপোর্ট

রাজধানীর বাড্ডায় গতকাল এক তুলছাত্রীকে অপহরণ করেছিল সন্ত্রাসীরা। প্রতিবাদে ফুরু ছাত্রছাত্রীরা দু'ঘণ্টা বিমানবন্দর সড়ক অবরোধ করে রাখে। পুলিশ ছাত্রছাত্রীদের অবরোধ তুলে নেয়ার

অনুরোধ জানায়। কিন্তু ছাত্রছাত্রীরা ছিল অনড়। তাদের সহপাঠীকে ফিরিয়ে না পাওয়া পর্যন্ত তারা অবরোধ প্রত্যাহারে অসম্মতি জানায়। টনক নড়ে পুলিশের মুহূর্তের মধ্যে পুলিশ অপহৃতকে উদ্ধারের জন্য মাঠে নামে এবং তিন ঘণ্টার মধ্যেই রূপগঞ্জ থেকে অপহৃতকে উদ্ধার ও আসামিদের গ্রেফতার করে। বাড্ডার কুড়িলের শেরেবাংলা আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী হালিমা আক্তার ময়ূরী (১৫)। গতকাল বেলা সোয়া ১১টার দিকে দুই বাসবীর সঙ্গে পরীক্ষা দেয়ার জন্য ফুলে যাচ্ছিল। ফুলের

কাছাকাছি ক-৭৯ কুড়িলের শান্তা চৌনোরেল নৌবোর সামনে পৌছামাত্র আগে থেকে ওঁৎ পেতে থাকা এলাকার চিহ্নিত সন্ত্রাসী জাহকুল হক (২২), ইকবাল (২০) ও বাদলসহ (২১) তার যুবক অস্ত্রের মুখে অপহৃত : পৃষ্ঠা : ২ কলাম : ৮

যুগান্তর

অপহৃত : সহপাঠী উদ্ধার

(১ম পৃষ্ঠার পর)

তাকে মাইজেনবাসে তুলে নিয়ে স্রুত পালিয়ে যায়। উপস্থিত শোকজন বিধ্বংসি ব্যাড্ডা থানায় জানায়। কিন্তু তাৎক্ষণিকভাবে ব্যাড্ডা থানা পুলিশ কোন উদ্যোগ না নেয়ার এলাকাবাসী ও ফুলের ছাত্রছাত্রীদের মধ্যে তীব্র কোডের সৃষ্টি হয়। ফুলের ছাত্রছাত্রী ও এলাকাবাসী বিকোভ মিছিল বের করে বিমানবন্দর সড়ক ও কুড়িল বিধ্বংসি অবরোধ করে রাখে। পরে তাদের সঙ্গে যুক্ত হয় জোয়ারশাহারা নিউ মুনলাইট ফুলের ছাত্রছাত্রীরা। ফুরু ছাত্রছাত্রীরা রাস্তায় বসে পড়ে। খবর পেয়ে ডিএমপি উত্তর বিভাগের এডিসি শহিদুল্লাহ চৌধুরী ও এপি মীর আশরাফুল বেশকিছু পুলিশ নিয়ে ঘটনাস্থলে ছুটে যান। পুলিশ কর্মকর্তারা অবরোধ তুলে নেয়ার জন্য ছাত্রছাত্রী ও এলাকাবাসীকে বোঝানোর চেষ্টা করে ব্যর্থ হন। পুলিশ অপহরণকারী জাহকুলের বাবা হকুর আলী, ইকবালের মা ও দুই বোনকে আটক করে ব্যাপক ভিজ্ঞাসাবাদ করে। পুলিশ আটককৃতদের কাছ থেকে জানতে পুরে অপহরণকারীদের ব্যবহৃত মাইজেনবাস নম্বর (ঢাকা মেট্রো-৮-১১-০৫৫০)। এরপর পুলিশ কন্ট্রোল রুমের মাধ্যমে সর্বত্র মাইজেনবাস নম্বরসহ সংবাদ পৌঁছে দেয়া হয়। বেলা সোয়া ২টায় রূপগঞ্জ থানা পুলিশ রূপগঞ্জের বেলকুনিপাড়া এলাকা থেকে মাইজেনবাসটি আটক এবং তুলছাত্রী ময়ূরীকে উদ্ধার ও অপহরণকারী জাহকুলসহ চারজনকে গ্রেফতার করে। পুলিশ তুলছাত্রীকে উদ্ধার ও অপহরণকারীদের গ্রেফতারের খবর জানানোর পর ফুরু ছাত্রছাত্রীরা অবরোধ তুলে নেয়। অবরোধের সময় বিমানবন্দর সড়ক ও বিধ্বংসি এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়।

বাসছাত্রীদের চরম-মূর্ডোপ পোহাতে হয়। ১৭৪/ক কুড়িল, শোভল বাড়ির হাজী সরাফত আলীর প্রথম পকেট কন্যা ময়ূরী। ময়ূরীর বয়স এখন তিন মাস তবু তার মামা মারা যান। মায়ের মৃত্যুর পর ময়ূরীকে তার মামা আফতাব উদ্দিন নিয়ে আসেন। আফতাব উদ্দিনের বাসা ১৪৪/ক কুড়িল। ময়ূরী মামার বাসায় থাকলেও বাবা হাজী সরাফত আলী তার নিয়মিত বোজা-খবর নিতেন। ময়ূরীর বাবা সরাফত আলী জানিয়েছেন, স্থানীয় সন্ত্রাসী জাহকুল প্রায়ই ফুলে যাওয়ার পথে ময়ূরীকে উত্ত্যক্ত করত। একমাস আগে জাহকুলের আত্মীয়-বন্ধন বিয়ের প্রস্তাব দেয়। কিন্তু সরাফত আলী তা প্রত্যাখ্যান করেন। এরপর থেকে জাহকুল বিভিন্নভাবে হুমকি দিত। এ অবস্থায় ময়ূরীর বালা হোসনেআরা তাকে ফুলে নিয়ে যেতেন। গতকাল ময়ূরীর জুগোল পরীক্ষা ছিল। দুই সহপাঠী নয়ন ও রনি সঙ্গে থাকার কারণে ময়ূরীর বালা তার সঙ্গে যাননি। হাজী সরাফত আলী জানান, ময়ূরীর সঙ্গে জাহকুলের প্রেমের কোন সম্পর্ক ছিল না। ময়ূরীর মামা আফতাব উদ্দিনও একই কথা জানিয়েছেন। তিনি বলেন, জাহকুল এলাকার চিহ্নিত সন্ত্রাসী। সে প্রায়ই ময়ূরীকে উত্ত্যক্ত করত। মাসখানেক আগে সে ময়ূরীকে বিয়ের প্রস্তাব দিয়েছিল। প্রস্তাব প্রত্যাখ্যান করার কারণেই জাহকুল ময়ূরীকে অপহরণ করে। শেরেবাংলা আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রেহানা আক্তার জানান, ওইদিন ময়ূরীর ছিল জুগোল পরীক্ষা। অপহরণের পরপরই ফুলে খবর আসে ময়ূরীকে সন্ত্রাসীরা অপহরণ করে নিয়ে গেছে। এর পরপরই ফুলের ছাত্রছাত্রীরা ফুল থেকে বেরিয়ে পড়ে ও প্রতিবাদ জানান।